

## ২৫. এক যুগ পরে

কত-শত আশার প্রেমের অঞ্জন অট্টালিকা ভেঙে গেল

বারে গেল কেতকি গুচ্ছ পল্লবের শতদল।

দুঃস্বপ্নের এক যুগ পরে আজি হলো ভোর,

আত্মীয় স্বজন সবাই চলে গেল দূর।

মনে পড়ে কতকথার সুখ পাতার দিনগুলি,

চাঁদ তাঁরকার দিপালীতে করেছিলাম কুলাকুলি।

সকল স্বপ্নের হল অবসান ফিরছি শূন্য হাতে পথ চলি,

চিরুত্তনী বাণী সুধায়ে পথিক গ্রাসিয়াছে সকল সুখের মিতালী।

আজি কেহ নাই-কেহ নাই মোর পথের পথিক সনে,

চলেছি আজি দিগন্তের সন্ধানে একাকী বসেছি পথচলা দুর্বা কাননে।

মূঢ়তায় হারাল আজি সকল সুখ কবিতা,

এলো এক যুগ পরে দুঃখের আলোক বর্তিকা।

এতো আয়োজন কেন অকারন করেছিলাম বারে বার,

আজি আসে না চাঁদনী রাতে সকলি হলো অন্ধকার।

সকল আয়োজন ফুরাইল যেন জোনাকির আলোয় অমৃত খেলা,

এক যুগ পরে শেষ হলো আমার প্রেমের সুখ প্রচ্ছদের মেলা।